

ফাইয়াজ স্কুল এন্ড কলেজ, রংপুর

স্থাপিত: ২০১৫খ্রি. EIIN: 139058

ফাইয়াজ স্কুল এন্ড কলেজ রোড, দেওডোবা বানিয়াপাড়া
ওয়ার্ড নং-১৪, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর।

প্রধান শিক্ষকের কার্যালয়


স্মারক নং এফএসসিআর/রং/ ২০২৬/ ১৪

তারিখ: ২৪/০৫/২০২৬খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

ক্র. নং	পদের নাম	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতা	বেতন	বয়স
১	সহকারী শিক্ষক (বাংলা)	০১ জন	১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ন্যূনতম ৩০০ নম্বরের বাংলাসহ স্নাতক/সমমান ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক সম্মান/সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি ও বিএড ডিগ্রি/সমমান। অথবা (২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ন্যূনতম ৩০০ নম্বরের বাংলাসহ স্নাতক/ সমমান ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক সম্মান/সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। সমগ্র শিক্ষা জীবনে ১টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমান জিপিএ/ সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।	আলোচনা সাপেক্ষে	সর্বোচ্চ ৩৫ বছর
২	সহকারী শিক্ষক (গণিত)	০১ জন	(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ন্যূনতম ৩০০ নম্বরের গণিতসহ বিজ্ঞান বিভাগে কোর্সে স্নাতক ডিগ্রি/সমমান। সমগ্র শিক্ষা জীবনে ১টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমান জিপিএ/ সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।	আলোচনা সাপেক্ষে	সর্বোচ্চ ৩৫ বছর
৩	সহকারী শিক্ষক (ইংরেজি)	০১ জন	(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ন্যূনতম ৩০০ নম্বরের ইংরেজিসহ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) /সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। সমগ্র শিক্ষা জীবনে ১টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমান জিপিএ/ সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।	আলোচনা সাপেক্ষে	সর্বোচ্চ ৩৫ বছর
৪	সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি)	০১ জন	১। কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/তথ্য প্রযুক্তি/ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে স্নাতক/সমমান। অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ন্যূনতম ৩ (তিন) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি ডিগ্রি। অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত প্রতিষ্ঠান হতে ০১ (এক) বছর মেয়াদি অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স ইন কম্পিউটার টেকনোলজি। ২। স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়সহ স্নাতক ডিগ্রি/সমমান। অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমানসহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে ০১ (এক) বছর মেয়াদি পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা/ অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স ইন কম্পিউটার টেকনোলজি। ডিপ্লোমা ইন কম্পিউটার অপারেশন কোর্স সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমান জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।	আলোচনা সাপেক্ষে	সর্বোচ্চ ৩৫ বছর
৫	হাউজ মাস্টার পুরুষ ও মহিলা ১ জন করে	০২ জন	(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/ স্নাতকোত্তর ডিগ্রি, সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমান জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকতে হবে।	আলোচনা সাপেক্ষে	সর্বোচ্চ ৩৫ বছর
৬	হোস্টেল সুপার (পুরুষ)	০১ জন	১। স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/ স্নাতকোত্তর ডিগ্রি, হোস্টেল পরিচালনা কাজের দক্ষতা থাকতে হবে।	আলোচনা সাপেক্ষে	সর্বোচ্চ ৩৫ বছর

- দক্ষ ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে আগামী ১০/০৬/২০২৬ইং তারিখের মধ্যে প্রধান শিক্ষক, ফাইয়াজ স্কুল এন্ড কলেজ, রংপুর বরাবর আবেদন করতে হবে।
- শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের ফটোকপি, ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং যোগাযোগের জন্য মোবাইল নম্বর উল্লেখ পূর্বক আবেদন করতে হবে। খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।
- উল্লেখ্য যে, পূর্বে আবেদনকারী প্রার্থীদের কে নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।
- আবেদন পত্রের সাথে অগ্রনী ব্যাংক পিএলসি অথবা এন আর বি সি ব্যাংক পিএলসি হতে প্রধান শিক্ষক, ফাইয়াজ স্কুল এন্ড কলেজ, রংপুর এর অনুকূলে ৫০০/- টাকার MICR পে-অর্ডার /ব্যাংক ড্রাফট জমা দিতে হবে।
- একাডেমিক পড়াশুনা সমাপ্ত হয়নি এরকম প্রার্থীদের আবেদন গ্রহণযোগ্য নয়।
- নিয়োগ সংক্রান্ত তথ্য (লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ/সময়) মোবাইল এর মাধ্যমে জানানো হবে।
- নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে (সকল পদের জন্য)।


২৪/০৫/২৬

মোহা: খাদিজা খাতুন

প্রধান শিক্ষক

ফাইয়াজ স্কুল এন্ড কলেজ, রংপুর